শাহজাহান

দৈনিক খবর

তারিখ ... 05 OCT 1992

পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

25

## নবীগঞ্জের বিদ্যালয়টি দীর্ঘ ৭৫ বছরেও সরকারীকরণ করা হয়নি

নবীগঞ্জ (হবিগঞ্জ), ৪ঠা অক্টোবর (এটিএম নূরুল ইসলাম)।– দীর্ঘ ৭৫ বছরেও ঐতিহ্যবাহী নবীগঞ্জ জে কে উচ্চ বিদ্যালয়টি সরকারীকরণ করা হয়নি জানা যায়, ১৯১৬ইং সালে নবীগঞ্জ সদর ইউপি'র আদিত্যপুর গ্রামের শিক্ষানুরাগী দুই ভাই যোগেশ চন্দ্র রায় ও কিশোর চন্দ্র রায়ের দানকৃত প্রায় ৩ একর জমির উপর গড়ে উঠে এতদঞ্চলের প্রথম মাধ্যমিক শিক্ষা কেন্দ্র। আর তাদের নামানুসারেই এ বিদ্যাপীঠের নামকরণ করা হয় যোগেশ কিশোর (জে কে) উচ্চ বিদ্যালয়। নানা সমস্যার মাঝেও শিক্ষার অগ্রযাত্রায় এ বিদ্যালয়টি বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে।

বর্তমানে এ বিদ্যালয়ে ১ হাজার ২শ' ছাত্র–ছাত্রী লেখাপড়া করছে। শিক্ষক রয়েছেন মাত্র ১৮ জন। দীর্ঘ ৫ বছর ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে. অতীতের পরিচালনা কমিটির অবহেলা ও শিক্ষকদের দ্বিধা–দন্দ্বের কারণেই প্রধান শিক্ষক নিয়োগ সম্ভব হচ্ছে না। ফলে শিক্ষার মান দিন দিন কমে যাচ্ছে। এমতাবস্থায় শিক্ষার মান উন্নত করতে এলাকাবাসী জে কে উচ্চ বিদ্যালয়কে অবিলম্বে সরকারীকরণের দাবী জানিয়েছেন।